


চলুন ঘুরে আসি ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরি থেকে

মাশরুরা জামিল/mashrura.zamil@gmail.com

ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরি। নামটি যেমন জমকালো বিষয়বস্তুও কিন্তু তাই। ৮০০০ খৃষ্টপূর্বাব্দ থেকে শুরু করে আজ পর্যন্ত বিশ্ব ইতিহাসে যা কিছু ঘটেছে তার সম্বন্ধে বিশেষ করে সাংস্কৃতিক প্রেক্ষাপট থেকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সব তথ্য আছে এই ডিজিটাল লাইব্রেরিতে। এর ভেতর আপনি পাবেন মানচিত্র, চলচ্চিত্র, বই, ছবি, ড্রয়িং, অডিও রেকর্ডিং ইত্যাদি অসাধারণ সব তথ্যমাধ্যম। ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ এসব তথ্য আপনি পড়তে, দেখতে, শুনতে, প্রিন্ট করতে এবং ইচ্ছে করলেই ডাউনলোড করে নিতে পারবেন। আসুন, এ নিবন্ধের মাধ্যমে আমরা ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরির ভূবন থেকে ঘুরে আসি এক পাক।



ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরি-র ওয়েব সাইটের প্রধান পেজটি উপরের ছবিটির মত। খেয়াল করে দেখুন, পর্দার নিচের দিকে একটা টাইমলাইন আছে, এখান থেকে আপনার পছন্দমত সময়কাল বেছে নিয়ে মাউস ক্লিক করলে সে সময়ের সব তথ্য পাবেন। এছাড়া পর্দার ওপরের দিকে আছে ব্রাউজিং-এর জন্য অনেকগুলো লিংক।



পরীক্ষামূলকভাবে আমরা আফ্রিকা লেখা আইকনটির ওপর ক্লিক করি। এক সেকেন্ড পরই কয়েকটি থামনেইল আসবে, নিচে লেখা থাকবে সংক্ষিপ্ত বিবরণী, একটি ফিল্মস্ট্রিপ এবং সঙ্গে আরো কিছু আইটেম। ক্লিক করলে এর প্রতিটিই খুলে যাবে। ফিল্মস্ট্রিপের দুই প্রান্তেই বাম এবং ডানমুখী তীরচিহ্ন আছে, এগুলোর সাহায্যে ভিজিটররা থামনেইলগুলো ধরে স্ক্রল করে যেতে পারবেন। প্রতিটি আইটেম এককভাবে খোলা যায় বটে, তবে আমাদের উদ্দেশ্য হচ্ছে আফ্রিকার সবগুলো লাইব্রেরি এন্ট্রি দেখা। এজন্য আমরা

প্রতিটি আইটেমের লিংকেই ক্লিক করে দেখব কী ঘটে।




উপরের ছবিতে ৮০০০ খৃষ্টপূর্বাব্দ থেকে শুরু করে আজ পর্যন্ত আফ্রিকার ওপর এ লাইব্রেরিতে কী কী আছে তার সবই দেখা যাচ্ছে। কনটেন্টগুলো বিভিন্নভাবেই আমরা দেখতে পারি। মেইন উইন্ডোতে থামনেইলের ওপর ক্লিক করে, উপরে দেয়া নম্বরগুলো ব্যবহার করে এক পেজ থেকে অন্য পেজে গিয়ে অথবা বামদিকের প্যানেলে প্রদর্শিত ক্যাটেগরিগুলো বাছাই করে। আসুন ক্লিক করা যাক 'Atlases, maps, charts & plans' ক্যাটেগরিতে।



আফ্রিকা মহাদেশের মানচিত্রের ওপর ক্লিক করা যাক। এর ফলে মানচিত্রটির বড় একটি সংস্করণ খুলে যাবে, সঙ্গে থাকবে কিছু বর্ণনামূলক টেক্সট, প্রাসঙ্গিক কনটেন্টের লিংক এবং সমজাতীয় আইটেমগুলোর প্রদর্শনকারী থামনেইল। ছবিতে আমরা যে মানচিত্রটি বেছে নিয়েছি সেটি তৈরি করা হয়েছিল ১৮২০সালে। তৈরি করেছিলেন খ্যাতনামা ফরাসী কার্টোগ্রাফার (মানচিত্র অঙ্কনকারী) আদ্রিয়েন হবার্ট ব্রু। এখানে SHARE বাটনটি ক্লিক করে আপনি মানচিত্রটি অন্যদের সঙ্গে শেয়ার করতে পারেন, Open লিংক ক্লিক করে মানচিত্রটিকে আরো ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণও করতে পারবেন।



'ওপেন' লিংকটি ক্লিক করলে আরো বড় একটি উইন্ডোতে ম্যাপটি খুলবে। উপরের ছবির মত, স্ক্রিনের নিচে ডানদিকে দেয়া চারটি কন্ট্রোল ব্যবহার করে আমরা ম্যাপটিকে ইচ্ছেমত জুম করতে পারি। একেবারের ডানদিকের বাটন ক্লিক করার মাধ্যমে শুরু করুন, তারপর মানচিত্রটি ফুল স্ক্রিনে এসে গেলে '+' ও '-' কি চেপে জুম ইন এবং জুম আউট করা যাবে।



জুম আউট করে একেবারে ম্যাপটি থেকে বেরিয়ে আসুন। এবার ব্রাউজারের ব্যাক বাটন ব্যবহার করে চার নম্বর ধাপে যেখানে ছিলাম সেখানে ফিরে যান। এবার স্ক্রিনের উপরের বাম দিকের কোণে World Digital Library লোগো ক্লিক করে 'মেইন ম্যাপ' পেজে ফিরে যান। এবার টাইমলাইনের বামদিকের স্পাইডারটি মাঝ বরাবর টেনে নিয়ে আসুন এবং ১৫০০ সালের কাাকাছি কোথাও থামুন। খেয়াল করুন, আপনি যখন পয়েন্টারটি ছেড়ে দিচ্ছেন তখন ওয়ার্ল্ড ম্যাপের ওপর যেসব আইটেম দেখাচ্ছে সেগুলো পরিবর্তিত হয়ে টাইমলাইনে নতুন স্টার্ট এবং এন্ড পয়েন্ট দেখাচ্ছে।



পর্দার একেবারে ওপরে Browse links দিয়েও তথ্য অনুসন্ধান করা যাবে। Place link-এর ওপর ক্লিক করলে লাইব্রেরিতে যত আইটেম আছে তার থামনেইল দেখাবে, এগুলো সাজানো থাকবে বিভিন্ন দেশের অধীনে। তথ্যগুলো আরো একভাবে দেখা যায়। পর্দার একেবারে ওপরে List All Countries লিংকটি ক্লিক করুন। এবার ক্লিক করুন ব্রাউজারের ব্যাক বাটন এবং তারপর স্ক্রল করে আপনার ইচ্ছেমত মহাদেশ বা দেশে যান। এছাড়া এ লাইব্রেরিতে আপনি সুনির্দিষ্ট সার্চ আইটেম দিয়ে অনুসন্ধানও করতে পারেন। আজই ভিজিট করুন ওয়ার্ল্ড ডিজিটাল লাইব্রেরি। অবগাহন করুন তথ্যের মহাসমুদ্রে। ■